

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
আইন-২ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.৫৯.০০১.২১.৭৯

তারিখ: ২০ ভাদ্র ১৪২৯

০৪ সেপ্টেম্বর ২০২২

বিষয়: মহামান্য হাইকোর্ট বিভাগে কনটেম্পট পিটিশন নং-৫৬৭/২০২১ (রিট পিটিশন নং-১৬৩৫৫/২০১৭ হতে উদ্ভূত) মামলা পরিচালনা।

উপর্যুক্ত বিষয় পরিশ্রেষ্ঠিতে জানানো যাচ্ছে যে, পিরোজপুর জেলার নেছারাবাদ উপজেলা পূর্বজলাবাড়ী বালিকা মাধ্যমিক বিদ্যালয় এর সহকারী গ্রন্থাগারিক জনাব শ্যামল কুমার এর এম.পি.ও ভুক্তিকরণের জন্য মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১৬৩৫৫/২০১৭ মামলা দায়ের করেন। মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-১৬৩৫৫/২০১৭ মামলায় গত ২৮/০৮/২০২০ তারিখে নিম্নরূপ রায় প্রদান করেন;

As a result, the Rule is made absolute. The respondents are hereby directed to grant MPO in the name of the petitioner within 30 (thirty) days from the date of receipt of a copy of this judgment.

However, there will be no order as to cost.

মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-১৬৩৫৫/২০১৭ মামলার রায় বাস্তবায়ন না হওয়ায় তিনি সংক্ষুব্ধ হয়ে মহামান্য হাইকোর্ট বিভাগে কনটেম্পট পিটিশন নং-৫৬৭/২০২১ মামলা দায়ের করেন। এ কনটেম্পট মামলায় সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ও মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরসহ মোট ০৫ (পাঁচ) জন-কে বিবাদী করা হয়েছে। মহামান্য হাইকোর্ট বিভাগে কনটেম্পট পিটিশন নং-৫৬৭/২০২১ (রিট পিটিশন নং-১৬৩৫৫/২০১৭ হতে উদ্ভূত) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ১নং বিবাদী হিসেবে অন্তর্ভুক্ত করা হয়েছে সেহেতু সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের পক্ষে মামলা পরিচালনার উপর্যুক্ত বর্ণনার আলোকে নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(ক) কনটেম্পট পিটিশন নং-৫৬৭/২০২১ (রিট পিটিশন নং-১৬৩৫৫/২০১৭ হতে উদ্ভূত) মামলাটি সরকার পক্ষে পরিচালনার জন্য সলিসিটর উইং এর সাথে যোগাযোগপূর্বক একজন বিজ্ঞ কৌশলি নিয়োগ করা।

(খ) উক্ত মামলার বিষয়ে ওকালতনামা ও অথরাইজেশন লেটার সচিব মহোদয়ের স্বাক্ষরের নিমিত্ত প্রেরণের ব্যবস্থা গ্রহণ।

(গ) কনটেম্পট মামলার জবাব ইতোমধ্যে প্রদান করা না হয়ে থাকলে সংশ্লিষ্ট আদালতে সময় বৃদ্ধির আবেদন করা।

(ঘ) কনটেম্পট মামলার দফাওয়ারী জবাব প্রস্তুতপূর্বক সংশ্লিষ্ট কাগজপত্র সরকার পক্ষে নিয়োজিত বিজ্ঞ কৌশলির নিকট প্রেরণ করা।

(ঙ) উক্ত মামলার অগ্রগতি এবং মামলা চলাকালীন সার্বিক বিষয়ে নিয়মিতভাবে মন্ত্রণালয়কে অবহিতকরণ।

৪-৯-২০২২

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব  
ফোন: ৫৫১০১১৬৯


মহাপরিচালক  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৪.৫৯.০০১.২১.৭৯/১(৪)

তারিখ: ২০ ভাদ্র ১৪২৯  
০৪ সেপ্টেম্বর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৩) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



৪-৯-২০২২

মো: আব্দুল জলিল মজুমদার  
সহকারী সচিব